

অবতরণের সময় সৌদি এয়ারলাইন্সের ফ্লাইটে আগুন

- A Monitor Desk Report

Date: 13 July, 2024



ইসলামাবাদ: সৌদি আরবের রিয়াদ থেকে পাকিস্তানের পেশোয়ারগামী একটি উড়োজাহাজে অবতরণের সময় আগুন লাগার ঘটনা ঘটেছে। তবে এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ২৭৬ জন যাত্রী ও ২১ জন ক্রু সদস্যকে নিরাপদে সরিয়ে নিয়েছে কর্তৃপক্ষ।

পেশোয়ারের বাচা খান আন্তর্জাতিক বিমানবন্দরে সৌদিয়া এয়ারলাইন্সের ওই ফ্লাইটটি অবতরণের সময় ট্রাফিক কন্ট্রোলাররা ল্যান্ডিং গিয়ারের বাম দিকে আগুন এবং ধোঁয়া দেখতে পান। তখনই পাইলট এবং উদ্ধারকারী দলকে বিষয়টি অবহিত করেন ট্রাফিক কন্ট্রোলার। পরে দমকল বাহিনী গিয়ে আগুন নিভিয়ে ফেলে। ঘটনার ভিডিও ফুটেজে, যাত্রীদের জরুরি স্লাইডের মাধ্যমে উড়োজাহাজ থেকে নামতে দেখা যায়।

পাকিস্তানি সম্প্রচারমাধ্যম জানিয়েছে, সামান্য আহত কয়েকজন যাত্রীকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

সৌদিয়া এয়ারলাইন্স কর্তৃপক্ষ এক বিবৃতিতে বলেছে, উড়োজাহাজটি অবিলম্বে বন্ধ করে দেওয়া হয়েছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হয়েছে। উড়োজাহাজটি এখন বিশেষজ্ঞদের 'প্রযুক্তিগত মূল্যায়নের' মধ্য দিয়ে যাচ্ছে। সংবাদমাধ্যম জানিয়েছে, উড়োজাহাজটি ছিল সাত বছরের পুরনো এয়ারবাস এ৩৩০-৩০০ মডেলের।

পাকিস্তানের সিভিল এভিয়েশন অথরিটির (সিএএ) মুখপাত্র সাইফুল্লাহর উদ্ধৃতি দিয়ে সংবাদমাধ্যম জানিয়েছে, দমকলকর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উড়োজাহাজটির ল্যান্ডিং গিয়ারে লাগা আগুন নিয়ন্ত্রণে আনে এবং সেটিকে একটি বড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা করে। পেশোয়ার বিমানবন্দরের কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে ডন আরও জানিয়েছে, বিমানবন্দরটি চালু আছে এবং সব ফ্লাইট তাদের নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী চলছে।

-B

